যুগান্তর

17 MAR 2015
পৃষ্ঠা ...২...




এমপিওভুক্তির দাবিতে সোমবার জাতীয় প্রেস ক্লাবের সামনে বাংলাদেশ অনার্স-মাস্টার্স কলেজ শিক্ষক সমিতির মানববন্ধন যুগান্তর

# এমপিওভুক্তির দাবি বেসরকারি কলেজের অনার্স শিক্ষকদের

যুগান্তর রিপোর্ট

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত দেশের সব বেসরকারি কলেজের অনার্স ও মাস্টার্স শাখায় নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্তির দাবি জানিয়েছে বাংলাদেশ বেসরকারি কলেজ অনার্স-মাস্টার্স শিক্ষক সমিতি। সোমবার জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধনে সংগঠনটি এ দাবি জানায়।

সংগঠনের সভাপতি নেকবর হোসাইনের নেতৃত্বে এই কর্মসূচিতে কয়েকশ' শিক্ষক যোগ দেন। শিক্ষকরা বলেন, ১৯৯৩ সালে প্রথম জাতীয় বিশ্ববিদ্যালয়ের বেসরকারি কলেজে অনার্স-মাস্টার্স কোর্স চালু করা হলেও এখনও নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্ত করা হয়নি। দেশের ৩৯২টি বেসরকারি কলেজে প্রায় তিন হাজার শিক্ষক নিয়োজিত। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশ মোতাবেক ওইসব শিক্ষকের সরকারি বেতন স্কেল অনুযায়ী মাসিক ১২ হাজার ৩০০ টাকা বেতন দেয়ার কথা কিন্তু অল্প কয়েকটি কলেজ ছাড়া প্রায় সব প্রতিষ্ঠানেই মাসে নামমাত্র আড়াই থেকে পাঁচ হাজার টাকা বেতন দেয়া হয়। এ পরিস্থিতিতে পরিবার নিয়ে আর্থিক কষ্টে জীবনযাপন করছেন শিক্ষকরা।

মানববন্ধনে সরকারের উদ্দেশে ৪ দফা দাবি তুলে ধরে সংগঠনটি। এর মধ্যে রয়েছে— শিক্ষকদের নিয়োগ লাভের তারিখ থেকে অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনায় পদোন্নতির ব্যবস্থা, শিক্ষক নিয়োগপ্রক্রিয়া শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) মাধ্যমে সম্পন্ন ও শিক্ষকদের পেশাগত বৈষম্য দূর করা।